

দৈনিক প্রবাহ

নতুন খবর

সত্যের সন্ধানে প্রতিদিন...

The Daily Probaha

হোম স্থানীয় সংবাদ জাতীয় সংবাদ আন্তর্জাতিক খেলাধুলা বিনোদন সম্পাদকীয় প্রিন্ট কপি

Home / স্থানীয় সংবাদ / ভিডিও কলে মিলছে কৃষি পরামর্শ



ভিডিও কলে মিলছে কৃষি পরামর্শ

আসফুর রহমান কাজল: করোনা ভাইরাসের প্রাদুর্ভবে থমকে গেছে বিশ্ব। থমকে গেছে দেশ। দেশজুড়ে করা হয়েছে হোম করেনটাইন। আবার খুলনাসহ দেশের কয়েকটি জেলাকে করা হয়েছে 'লকডাউন'। কেউ ঘর হতে বের হতে পারছে না। কিন্তু থেমে নেই কৃষকের কাজ। আগামী দিনের জন্য নিরাপদ শাক-সবজি নিশ্চিত করতে ক্ষেতে কাজ করছে বাংলার কৃষকেরা। তাহলে কিভাবে পাচ্ছে তারা প্রয়োজনীয় পরামর্শ। কৃষকদেরকে কৃষি বিষয়ক পরামর্শ পেতে ব্যবহার করছে আধুনিক প্রযুক্তি অ্যান্ড্রয়েড ফোন।

নোভেল করোনা ভাইরাসের কারণে রাস্তাঘাটে চলাচল সিঁথিল করা করা হয়েছে। কাছাকাছি না দাড়িয়ে সামাজিক দূরত্ব বজায় রাখতে বলা হচ্ছে। সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানসহ বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। সকলেই রয়েছে হোম করেনটাইনে। ফলে কৃষকের কাছে যেতে পারছে না কৃষি বিভাগ। কৃষকেরা নিতে পারছে না তাদের প্রয়োজনীয় পরামর্শ। তাই বলে কি থেকে থাকবে কৃষকের পরামর্শ নেওয়া? কৃষকেরা এখন ডিজিটাল হয়েছে। তাদের কাছে রয়েছে অ্যান্ড্রয়েড ফোন। আর সেই ফোন ব্যবহার করে তারা নিচ্ছে কৃষি সেবা। ইন্টারনেট সেবার মাধ্যমে ভিডিও কল করছেন কৃষি কর্মকর্তার কাছে। ঘরে বসেই কৃষি কর্মকর্তা দেখছেন সবজি ক্ষেত। দিচ্ছেন প্রয়োজনীয় পরামর্শ।

এখন আর কৃষি অফিসারের আসার জন্য অপেক্ষা করতে হয় না। যখনই ক্ষেতের সমস্যা, তখনই পাওয়া যায় সমাধান। এখন দেশে যে সমস্যা চলছে, তাতে কেউ বাইরে রবে হতে পারছে না। কিন্তু ক্ষেতের সমস্যাতো থেমে নেই। তখনই আমরা নিজেদের অ্যান্ড্রয়েড ফোন দিয়ে ভিডিও কল করি কৃষি কর্মকর্তাদের কাছে। তখনই তার ক্ষেতের সমস্যা দেখে সমাধান জানিয়ে দেয় বলে জানানেন ডুমুরিয়ার কচুর লতি চাষাবাদে সফল কৃষক লতিরাজ খ্যাত মো. মনিরুজ্জামান শূভ।

শোভনা ইউনিয়নের কামাল হোসেন বাওয়ালী জানান, আধুনিক পদ্ধতিতে যুক্ত হচ্ছে কৃষকেরা। কৃষি কর্মকর্তাকে এখন মাঠে আসতে হচ্ছে না। আবার তার জন্য কৃষকের অপেক্ষাও করতে হচ্ছে না। যখনই সমস্যা মনে হচ্ছে। তখনই পরামর্শ নেওয়া যাচ্ছে, ভিডিও কলের মাধ্যমে। এটা এখন সময়ের দাবী। সময়ও বাচে আবার একই সময়ে কয়েকজনকে সেবা দিতে পারে।

ডুমুরিয়া কৃষি কর্মকর্তা মো. মোসাদ্দেক হোসেন জানান, এখন বাইরে বের হওয়া যাচ্ছে না। কিন্তু কৃষকের সেবা দেওয়া বন্ধ হলে, আগামীতে শাক-সবজির সঙ্কট দেখা দেবে। অন্যদিকে কৃষক হয়ে পড়বে সর্বশান্ত। তাই চালু করা হয়েছে, কৃষকের ডিজিটাল সেবা। প্রথম কয়েকদিন কিছু কৃষকের সমস্যা হয়েছিল। কিন্তু এখন কোন কৃষকের কোন সমস্যা হলে সেই কৃষক মাঠে গিয়ে ভিডিও কল করে। সমস্যা দেখায়। আমরা সেই সমস্যার সমাধান বলে দেই। উপকৃত হয় কৃষকেরা। এসব কাজের জন্য সরকার আমাদেরকে 'কিয়স্ক' নামের একটি ডিভাইস দিয়েছে। যার মাধ্যমে আমরা একই সাথে ৮জন কৃষকের সাথে ভিডিও কলে কথা বলতে পারি।

খুলনা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক পঙ্কজ কান্তি মজুমদার জানান, দেশ এখন ডিজিটাল। দেশের কৃষকেরাও ডিজিটাল। দেশের এই সঙ্কটময় সময়ে কৃষককে পরামর্শ দেওয়া বন্ধ করা যাবে না। তাই আমাদের কর্মকর্তারা ভিডিও কলের মাধ্যমে কৃষককে মাঠ পর্যায়ের সেবা দিয়ে যাচ্ছে।

Spread the love

সর্বশেষ সংবাদ

নেই শারীরিক দূরত্ব, ঝুঁকি নিয়ে কর্মস্থলে মান খুমেক হাসপাতালে বহিঃবিভাগে রোগীদের যে খুলনায়ও বাস চলাচল শুরু হচ্ছে কাল আশাশুনিতে ক্ষতিগ্রস্ত বাঁধ নির্মাণ শুরু করেছে সেনাবাহিনী আড়ংঘাটা বাইপাস সড়কে প্রাইভেটকার নিয়ম হারিয়ে দুর্ঘটনা কবলিত কেডিএর সম্পত্তি বালি ভরাট করে দখলে নে চেষ্টা যশোরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফ খুলনা থেকে আন্তঃনগর ট্রেন চলাচল শুরু আ খুলনায় ট্রাক চাপায় ব্রাক কর্মকর্তা নিহত করোনার উপসর্গ নিয়ে সাতক্ষীয়ায় দুই জনে:

ফেসবুকে সাথে থাকুন

জনপ্রিয় পত্রিকাসমূহ



পুরাতন খবর

এপ্রিল ২০

শনি রবি সোম মঙ্গল বুধ বৃহ

				১	২
৪	৫	৬	৭	৮	৯
১১	১২	১৩	১৪	১৫	১৬

শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ
১৮	১৯	২০	২১	২২	২৩
২৫	২৬	২৭	২৮	২৯	৩০

সংশ্লিষ্ট সংবাদ



নেই শারীরিক দূরত্ব, ঝুঁকি নিয়ে কর্মস্থলে মানুষ

🕒 12 hours ago



খুমেক হাসপাতালে বহিঃবিভাগে রোগীদের ভোগান্তী

🕒 12 hours ago



খুলনায়ও বাস চলাচল শুরু হচ্ছে কাল

🕒 12 hours ago

ONE COMMENT

Md Mosaddek Hossain

এপ্রিল ১২, ২০২০ at ১০:১১ পূর্বাহ্ন

Excellent news.

Reply

LEAVE A REPLY

Your email address will not be published. Required fields are marked *

Name *

Email *

Website

Post Comment

দৈনিক প্রবাহ – সম্পাদক ও প্রকাশক: আশরাফ-উল-হক, প্রধান কার্যালয়: ৩ কে,ডি,এ এভিনিউ, খুলনা। পিএবিএক্স: ৭২২৩৪৬ বার্তা বিভাগ: ২৮৩১২৩৭, ফ্যাক্স: ৭২৫১৫৫। ঢাকা অফিস: হাউজ নং-২০১, রোড নং-৫, ব্লক ডি, বসুন্ধরা আ/এ, ঢাকা। ফোন: +৮৮০-২-৮৪৩২৫৯৬, ৮৪৩২৮৩৯, e-mail : dailyprobaha@gmail.com, Web : www.dailyprobaha.com.bd